গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য অধিদফতর

স্মারক: ১৫.৫২.৬০৯১.০২৩.১৭.০৫০.২২-২১৮৩ তারিখ ১০.১১.২০২৪ খ্রিস্টাব্দ

সিলেটের স্থানীয় বিভিন্ন পত্র-পত্রিকায় সংবাদ, নিবন্ধ, সম্পাদকীয়, উপ-সম্পাদকীয় ও পাঠকের চিঠির মাধ্যমে সরকারের নীতি ও কার্যক্রমের যে সব আলোচনা ও পর্যালোচনা করা হয়েছে তা সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

জনস্বার্থে কিছু প্রকাশ করার প্রয়োজন থাকলে আঞ্চলিক তথ্য অফিস, সিলেট (টেলিফোন: ৯৯৭৭০১৫৪০-৩) এবং তথ্য অধিদফতরের ভবন নং ৯ এর ২০৬ নং সংবাদ কক্ষের সঙ্গে (টেলিফোন: ৯৫৪০০১৯, ৯৫১৪৯৮৮, ৯৫১২২৪৬ ফ্যাক্স: ৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬ ই-মেইল: pidsylhet@gmail.com, piddhaka@gmail.com, piddhaka@yahoo.com যোগাযোগ করার অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৪ (চার) পাতা

মাসুদ পারভেজ
১০/১১/২৪
মো. মাসুদ পারভেজ
সহকারী তথ্য অফিসার
উপপ্রধান তথ্য অফিসারের পক্ষে
ফোন- ০১৭১৭-৬৩৮৮৯৬

বিতরণ:
০১। বিভাগীয় কমিশনার, সিলেট
০২। ডিআইজি, সিলেট
০৩। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, সিলেট
০৪। জেলা প্রশাসক, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ
০৫। পুলিশ সুপার সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ

অনুলিপি:

০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সংশ্লিষ্ট নথি

৩৫০/৬, খোজারখলা স্কয়ার, দক্ষিণ সুরমা, সিলেট
সংবাদকক্ষ ঃ ০২৯৯৭৭০১৫৪৩, E-mail : pidsylhet@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্য অধিদফতর

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয় 'র সারসংক্ষেপ; গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার:

সংখ্যা ০৮৬/২০২৪

সিলেট, রবিবার ২৫ কার্তিক ১৪৩১, ১০ নভেম্বর ২০২৪

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলোর প্রধান খবর বা শিরোনাম

০১। আইন উপদেষ্টাকে হেনস্তার প্রতিবাদে সিলেটে বিক্ষোভ

০২। সিলেটে ১৮ শহিদ পরিবার পেলো আর্থিক সহায়তা

০৩। আন্তর্জাতিক প্রতিযোগিতায় শাবির গৌরবময় অর্জন

০৪। তামাবিল স্থলবন্দরে মিথানলবাহী ভারতীয় ট্যাংকারে আগুন

০৫। জালালাবাদ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের নবীন বরণ

৩৫০/৬, খোজারখলা স্কয়ার,দক্ষিণ সুরমা, সিলেট

সংবাদকক্ষ ঃ ০২৯৯৭৭০১৫৪৩, E-mail : pidsylhet@gmail.com

বিস্তারিত সংবাদ

০১. আইন উপদেষ্টাকে হেনস্তার প্রতিবাদে সিলেটে বিক্ষোভ

আইন উপদেষ্টা আসিফ নজরুলকে সুইজারল্যান্ডের জেনেভায় হেনস্তার প্রতিবাদে বাংলাদেশ সিটিজেন সলিডারিটি মুভমেন্ট ও বাংলাদেশ স্টুডেন্ট ইউনিটির পৃষ্ঠপোষ্টক অ্যাডভোকেট সামসুজ্জামান জামানের নির্দেশনায় সিলেটে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেন সংগঠনের নেতাকর্মীরা। শনিবার বিকেল ৪টায় নগরীর মিরাবাজারস্থ সংগঠনটির কার্যালয়ের সামনে থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়ে নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বন্দরবাজারস্থ সিটি পয়েন্টে গিয়ে সংক্ষিপ্ত সামবেশে মিলিত হয়। বাংলাদেশ স্টুডেন্ট ইউনিটির আহ্বায়ক বদরুল আজাদ রানার পরিচালনায় সমাবেশে সভাপতির বক্তব্য রাখেন সিটিজেন সলিডারিটি মুভমেন্টর সভাপতি নাসির উদ্দিন। (দৈনিক সিলেট মিরর, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক শুভ প্রতিদিন, দৈনিক জালালাবাদ, দৈনিক জৈন্তা বার্তা, দৈনিক জাগ্রত সিলেট)

০২. সিলেটে ১৮ শহিদ পরিবার পেলো আর্থিক সহায়তা

সিলেট বিভাগে ছাত্র-জনতা আন্দোলনের সময় নিহতদের ১৮ পরিবারকে আর্থিক সহায়তা দিয়েছে জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশন। আজ শনিবার (৯ নভেম্বর) সকালে সিলেট জেলা প্রশাসনের কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে এ সহায়তা দেওয়া হয়। জেলা প্রশাসনের তথ্যমতে, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় সিলেটে ৩২জন শহিদ হয়েছেন। জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশনের সিইও মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ জানান, ছাত্র-জনতার আন্দোলনে ৩২ জন নিহতের পরিবারের মধ্যে কাগজ-পত্র ঠিক থাকায় ১৮টি পরিবারকে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। প্রত্যেকের পরিবারকে চেক ও মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ৫ লাখ টাকা দেওয়া হয়। স্নিগ্ধ আরো জানান, বাকিদের পর্যায়ক্রমে সহযোগিতা দেওয়া হবে। তারা সব কাগজ পত্র জামা দিতে পারেননি। এজন্য এখন না দিলেও তারা আর্থিক সহায়তা পাবেন। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক সিলেট মিরর, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক পুণ্যভূমি, দৈনিক সিলেট বাণী, দৈনিক কাজির বাজার, দৈনিক জালালাবাদ, দৈনিক জৈন্তা বার্তা)

০৩. আন্তর্জাতিক প্রতিযোগিতায় শাবির গৌরবময় অর্জন

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড পলিমার সায়েন্স (সিইপি) বিভাগের ২০১৯-২০ সেশনের (২৭তম ব্যাচ) শিক্ষার্থী আজহার উদ্দিন শিহাব এবং সুমাইয়া তাবাসসুম মৌরিন ২০২৪ সালের এআইসিএইচই (American Institute of Chemical Engineers) ভার্চুয়াল লোকাল সেকশনের স্টুডেন্ট কো-অপ/ইন্টার্নশিপ প্রেজেন্টেশন প্রতিযোগিতায় তৃতীয় স্থান অর্জন করেছেন এটি কেমিকৌশলীদের আন্তর্জাতিক ইন্টার্নশিপ প্রেজেন্টেশনে শাবিপ্রবির জন্য একটি বড় সাফল্য। (দৈনিক সিলেট মিরর, দৈনিক শুভ প্রতিদিন)

০৪. তামাবিল স্থলবন্দরে মিথানলবাহী ভারতীয় ট্যাংকারে আগুন

সিলেটের তামাবিল স্থল বন্দরে ভারত থেকে মিথানল নিয়ে আসা একটি ট্যাংকলরীতে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। শনিবার দুপুরে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এ সময় লরীতে মিথানল না থাকায় ভয়াবহ দুর্ঘটনা থেকে রক্ষা পেয়েছে তামাবিল স্থল বন্দর ও এর আশপাশের এলাকা। স্থানীয় সূত্রে জানা গেছে, শনিবার দুপুর দেড়টায় ভারতীয় ট্যাংকলরীতে আগ্নীকান্ডের সূত্রপাত হয়। খবর পেয়ে জৈন্তাপুর ফায়ার সার্ভিস এবং ভারতের স্থলবন্দরের আরেকটি অগ্নিনির্বাপক গাড়ি এসে আগুন নেভাতে সক্ষম হয়। আগুনে ভারতীয় ট্রাংকারটির সামনের অংশ সম্পূর্ণ পুড়ে যায়। তবে এতে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক সিলেট মিরর, দৈনিক পুণ্যভূমি, দৈনিক সিলেট বাণী, দৈনিক কাজির বাজার, দৈনিক জালালাবাদ, দৈনিক জৈন্তা বার্তা, দৈনিক শুভ প্রতিদিন, দৈনিক জাগ্রত সিলেট, দৈনিক যুগভেরী, দৈনিক শ্যামল সিলেট)

০৫. জালালাবাদ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের নবীন বরণ

হোমিওপ্যাথিতে আরও উচ্চতর গবেষণা ও পৃষ্ট পোষকতার প্রয়োজন উল্লেখ করে সিলেট প্রেসক্লাবের সাবেক সভাপতি ও দৈনিক জালালাবাদ সম্পাদক মুকতাবিস-উন-নূর বলেছেন হোমিওপ্যাথির উন্নয়নে ছাত্র শিক্ষক সবাইকে আপডেট হতে হবে, গবেষণায় উদ্‌ভুদ্ধ হতে হবে। মেধা শানিত করার মাধ্যমে নিজেদের আত্মবিশ্বাস বাড়াতে হবে। তিনি শনিবার সকালে সিলেটের একমাত্র হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ জালালাবাদ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালের ২০২৪-২৫ সেশনের প্রথম বর্ষের নবীন বরণে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। এসময় তিনি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন শিক্ষকের প্রতি সম্মান প্রদর্শন ছাড়া কোনো শিক্ষার্থী উন্নতি করতে পারবে না। তাই যে শিক্ষকের কাছে একটি অক্ষরও কেউ শিখে থাকে তার সাথে বেয়াদবি করা যাবে না। (দৈনিক সিলেট মিরর, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক জালালাবাদ, দৈনিক কাজির বাজার)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য অধিদফতর

সম্পাদকীয়

ক. দৈনিক সিলেটের ডাককমিউনিটি ক্লিনিকের দুর্দিন।। গ্রামিণ মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে স্থাপিত কমিউনিটি ক্লিনিকগুলো কাংখিত সেবা দিতে ব্যর্থ হচ্ছে। বেশিরভাগ কমিউনিটি ক্লিনিকের কাজলো হতাশাজনক। পত্রিকান্তরে প্রকাশিত খবরে জানা যায়, প্রত্যন্ত অঞ্চলে অনেক ক্লিনিকে দায়িত্বশীল কোনো চিকিৎসক নেই সহকারির মাধ্যমে। আবার অনেক । এগুলো পরিচালিত হচ্ছে স্বাস্থ্য ক্লিনিকে চিকিৎসক থাকলেও তারা কর্মস্থলে থাকেন না। আবার অনেক ক্লিনিকে ওষুধের সংকট লেগেই থাকে। গ্রামাঞ্চলে বসবাসরত প্রতি ছয় হাজার মানুষকে সেবা দিতে একটি করে কমিউনিটি ক্লিনিক স্থাপন করা হয়েছে। বর্তমানে দেশে ১৩ হাজার সাতশ' সাতটি কমিউনিটি ক্লিনিক রয়েছে।

খ. দৈনিক পুণ্যভূমি: শান্তি ও উন্নয়নের জন্য বিশ্ব বিজ্ঞান দিবস।। বছর এ দিনে বিশ্বব্যাপী শান্তি ও উন্নয়নের জন্য বিশ্ব বিজ্ঞান দিবস হিসাবে চিহ্নিত করা হয়। দিবসটির লক্ষ্য আমাদের দৈনন্দিন জীবনে বিজ্ঞানের গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা। দিবসটির উদ্দেশ্য হলো বিজ্ঞানের নতুন বিকাশ এবং তাদের বিকাশকারীদের সম্পর্কে স্থানীয়দের সচেতন রাখা, আমরা বিজ্ঞানীদের বলি। শান্তি ও উন্নয়নের জন্য বিশ্ব বিজ্ঞান দিবসও বিজ্ঞানীদের ভূমিকাকে তুলে ধরে, যারা বিজ্ঞানের শিকড়কে প্রসারিত করতে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। দিবসটি ঘোষণা করা হয় জাতিসংঘের শিক্ষামূলক, বৈজ্ঞানিক ও সাংস্কৃতিক সংস্থা (ইউএনইএসসিও) ২০০১ সালে এবং ইউএনইএসসিও-এর পৃষ্ঠপোষকতায়, শান্তি ও উন্নয়নের জন্য বিশ্ব বিজ্ঞান দিবস ১০ নভেম্বর ২০০২ সালে প্রথম পালিত হয়। প্রতি বছর এ দিনে বিশ্বব্যাপী সচেতনতা সৃষ্টির জন্য ইউনেস্কো বিভিন্ন অনুষ্ঠান, অনুষ্ঠান, কনসার্টের আয়োজন করে। আমাদের জীবনে বিজ্ঞানের গুরুত্ব।

নিবন্ধ/ফিচার/চিঠিপত্র: শিরোনাম ও লেখকের নাম

ক. শিক্ষা ব্যবস্থায় বৈষম্য : সমাধান কবে?- সুধীর বরণ মাঝি, দৈনিক সিলেট মিরর

খ. ফসলের জাত উদ্ভাবনের কৌশল– ড. মো. আব্দুর রহিম, দৈনিক জৈন্তা বার্তা

গ. ধূসর হয়ে উঠছে সিলেট নগরী সিলেট/সিলেট-যানজট ও জনদুর্ভোগ নিরসন প্রয়োজন- আফতাব চৌধুরী, দৈনিক পুণ্যভূমি

#

মাসুদ/২০২৪/১২.২৫ ঘণ্টা

৩৫০/৬, খোজারখলা স্কয়ার,দক্ষিণ সুরমা, সিলেট
সংবাদকক্ষ ঃ ০২৯৯৭৭০১৫৪৩, E-mail : pidsylhet@gmail.com